

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৫৫

সোনামুড়া, ২৭ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
দুর্লভনারায়ণ গ্রামপঞ্চায়েতে বিকাশ শিবির

নলছড় ইউনিয়ন দুর্লভনারায়ণ গ্রামপঞ্চায়েতে কার্যালয় প্রাঙ্গনে সম্প্রতি ২ দিনব্যাপী প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে এলাকার সাধারণ মানুষের মধ্যে বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদান করা হয়। এর মধ্যে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৪০ জন কৃষককে কেসিসি প্রকল্পের আওতায় সুবিধা প্রদান করার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ১৪৯ জন রোগীকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধপত্র দেওয়া হয়। এছাড়া, ১১ জনকে আত্ম কার্ড প্রদান করার জন্য এবং ১১৭ জনকে আয়ুষ্মান কার্ড প্রদান করার জন্য নাম নথীভুক্ত করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৯৫ জনকে গৃহপালিত পশু পাখির বিভিন্ন রোগের প্রতিরোধক ঔষধ দেওয়া হয়। শ্রম দপ্তর থেকে ৩৬ জনকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্প এবং ৫ জনকে ই-শ্রম প্রকল্পের সুবিধা প্রদান করার জন্য আবেদনপত্র জমা রাখা হয়। আই সি ডি এস কার্যালয়ের পক্ষ থেকে ৫ জন মায়ের মধ্যে পোষণ কিটস প্রদান করা হয়। পঞ্চায়েত দপ্তর থেকে ৯টি পরিবারকে আর ও আর সার্টিফিকেট দেওয়ার জন্য আবেদনপত্র জমা রাখা হয়। বন দপ্তর থেকে ১৮১ জনের মধ্যে বিভিন্ন গাছের চারা বিলি বিতরণ করা হয়। টিআরএলএম -এর পক্ষ থেকে ২ জনকে ডি ডি ইউ কে ওয়াই, ১৭ জনকে পি এম বিশ্বকর্মা যোজনায়, ৬ জনকে, আরএসইটিআই এবং ১১ জনকে পিএমএফবিওয়াই প্রকল্পের সুবিধা প্রদান করার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। সোনামুড়া মহকুমা প্রশাসন থেকে এই দু'দিনের শিবিরে ১৯ জনকে ইনকাম সার্টিফিকেট, ৯০ জনকে ত্রিপুরায় স্থায়ী বসবাসের সার্টিফিকেট, ১৫ জনকে বিবাহনিবন্ধীকরণ সার্টিফিকেট, ৮৫ জনকে এসসি সার্টিফিকেট, ১১ জনকে এসটি সার্টিফিকেট এবং ২০ জনকে ওবিসি সার্টিফিকেট প্রদান করার জন্য আবেদনপত্র সহ প্রয়োজনীয় নথীপত্র জমা নেওয়া হয়।

\*\*\*\*\*